# আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ ৪৪ : ১২

## আরবি মূল আয়াত:

رَبَّنَا اكشِف عَنَّا العَذَابَ اِنَّا مُؤمِنُون ﴿١٢﴾

## অনুবাদসমূহ:

(তখন তারা বলবে) 'হে আমাদের রব, আমাদের থেকে আযাব দূর করুন; নিশ্চয় আমরা মুমিন হব।' — আল-বায়ান

(তখন তারা আরয করবে)- হে আমাদের পালনকর্তা! আমাদের থেকে শাস্তি সরিয়ে দিন, আমরা ঈমান আনলাম। — তাইসিরুল

তখন তারা বলবেঃ হে আমাদের রাব্ব! আমাদেরকে এই শাস্তি হতে মুক্তি দিন, আমরা ঈমান আনব। — মুজিবুর রহমান

[They will say], "Our Lord, remove from us the torment; indeed, we are believers." — Sahih International

১২. (তারা বলবে) হে আমাদের রব! আমাদের থেকে শাস্তি দূর করুন, নিশ্চয় আমরা মুমিন হব।

-

তাফসীরে জাকারিয়া

(১২) তখন ওরা বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের উপর হতে শাস্তি দূর কর, আমরা বিশ্বাস স্থাপন করব।' [1]

[1] প্রথম ব্যাখ্যা অনুপাতে এ কথা মক্কার কাফেররা বলেছে। আর দ্বিতীয় ব্যাখ্যা অনুপাতে এ কথা কিয়ামতের নিকটবর্তী সময়ের কাফেররা বলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন